

# মানানসই ডাইনিং টেবিল

*শহুরে জীবনে ব্যস্ততার জন্য দিনের বেলা সবাই একসাথে খেতে না পারলেও রাতের খাবার যাতে একসাথে সারা যায় সে আয়োজন থাকে। রাতে খেতে বসে পরিবারের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত একসাথে বসে ডাইনিং টেবিলে নেওয়া হয়। এছাড়া ডাইনিং টেবিল ঘরের সৌন্দর্য বৃদ্ধি করতে সাহায্য করে। একটি নান্দনিক নকশার ডাইনিং টেবিল আপনার ঘরের চিত্র বদলে দিতে পারে। তাই যেমন তেমন ডাইনিং টেবিল কিনলেই হলো না। কেমন হতে পারে আপনার ঘরের জন্য মানানসই ডাইনিং টেবিল তা নিয়ে আজকের আয়োজন।*

**ময়ূরাক্ষী সেন**

## ঘরের সাইজ

মনে করুন আপনার ডাইনিং রুম আয়তনে ছোট। কিন্তু সেখানে বিশাল বড় এক কাঠের ডাইনিং টেবিল এনে রাখলেন। হাঁটাচলার কোনো জায়গায়ই থাকলো না। তাহলে আপনার ঘরটি দেখতে কেমন হবে? তখন ঘরের সৌন্দর্য অনেকাংশে কমে যাবে। তাই ডাইনিং টেবিল কেনার আগে ঘরের মাপ জানা অনেক বেশি জরুরি। এছাড়া ডাইনিং রুমের দরজার সাইজ কত সেটিও জানতে হবে। কারণ এটি কেনার পর ঘরে ঢোকাতে যাতে খুব বেশি সমস্যা পোহাতে না হয়। কেনার আগে এটি খেয়াল রাখা অবশ্যই প্রয়োজন ডাইনিং টেবিল রাখার পরেও যেন চলাফেরার জন্য যথেষ্ট জায়গা থাকে।

## ডাইনিং টেবিলের মাপ

ডাইনিং রুমের সঠিক মাপ নিয়ে চিন্তা করতে হবে ডাইনিং টেবিলের সাইজ কেমন হবে। আপনি কেমন ধরনের বা কয় সিটের ডাইনিং টেবিল চাচ্ছেন সেটিও মাথায় রাখতে হবে। টেবিলের আশেপাশে তিন ফিটের মতো জায়গা রাখলেই চেয়ার টানতে কিংবা এর আশেপাশে চলাচল করতে অসুবিধা হবার কথা নয়। ডাইনিং টেবিল অনলাইনে অর্ডার দেওয়ার চাইতে বুদ্ধিমানের কাজ ফার্নিচারের দোকানে গিয়ে চোখে দেখে বিবেচনা করে কেনা।

এখন বাজারে এমন সব আধুনিক ডাইনিং টেবিল পাওয়া যায় যা আপনি প্রয়োজনের চার সিট, পাঁচ সিট ও যেকোনো সিটের করে নিতে পারবেন পরিবারের সদস্যের উপর নির্ভর করে। ইচ্ছা করলে এ ধরনের ডাইনিং টেবিল বেছে নিতে পারেন। তবে চার বা ছয়জনের টেবিল আদর্শ ধরা হয়। ছোট ঘরের জন্য খুব বেশি নকশা করা ডাইনিং টেবিল বেছে না নিয়ে সাধারণ ডাইনিং টেবিল বেছে নিতে পারেন। কারণ অতিরিক্ত কারুকাজ করা ডাইনিং টেবিল ছোট রুমের সৌন্দর্য নষ্ট করে ফেলবে। খুব বেশি ভারী ডাইনিং টেবিলের চল এখন কমে গিয়েছে। যেহেতু শহুরে জীবনে অনেক বেশি স্থান পরিবর্তন করতে হয়। তাই এমন ডাইনিং টেবিল বেছে নেওয়া ভালো যা পরিবর্তন করতে সুবিধা হবে। তা না হলে বাসা পরিবর্তনের সময় ডাইনিং টেবিলের ক্ষতি হতে পারে।

## টেবিলের শেপ

ডাইনিং টেবিলের ক্ষেত্রে টেবিলের শেপ কেমন হবে এটি আরেকটি গুরুত্বপূর্ণ ধাপ। সব রুমের সাথে সব শেপের ডাইনিং টেবিল মানানসই হয় না। যেমন আয়তাকার টেবিলগুলো ছোট রুমের সাথে মানিয়ে যায়। এসব টেবিলে চেয়ার রাখার জন্য খুব বেশি জায়গার প্রয়োজন হয় না। তবে এখন জনপ্রিয়তা পাচ্ছে গোল আকৃতির টেবিল। কারণ গোলাকৃতি টেবিলে সবাই বসলে একসাথে মুখোমুখি বসা যায়। গোল আকৃতি টেবিলের জন্য ডাইনিং রুমের আয়তন কিছুটা বড় হওয়া প্রয়োজন। এখন বাজারে বিভিন্ন ইউনিক ডিজাইনের যেমন বর্গাকার, পেঁচানো ডাইনিং টেবিল পাওয়া যায়; যা রুমের সৌন্দর্য নান্দনিক ভাবে ফুটিয়ে তোলে। ইউনিক ও ভিন্ন ডিজাইনের ডাইনিং টেবিল চাইলে ফার্নিচারের দোকানে গিয়ে রেডিমেড না কিনে আপনি ইচ্ছামত কাস্টমাইজড করে বানিয়ে নিতে পারেন। ডাইনিং টেবিল কেনার আগে আপনার রুমের অন্যান্য ফার্নিচারের কথাও খেয়াল রাখতে হবে। যাতে অন্যান্য ফার্নিচারের সাথে ডাইনিং টেবিলের কিছুটা মিল থাকে। যেমন রুমের অন্য ফার্নিচার যদি কাঠের হয় তাহলে চেষ্টা করতে হবে ডাইনিং টেবিলটিও কাঠের কেনার। তবে সবসময় হয়তো তা সম্ভব হয়ে ওঠে না। সেক্ষেত্রে ম্যাটেরিয়াল মিল না হলেও রঙে যাতে মিল হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।



## ডাইনিং টেবিলের উপকরণ

ডাইনিং টেবিলের উপকরণ কেমন হবে তা নির্ভর করছে আপনার বাজেট ও রুমের সাইজের উপর। তবে ডাইনিং টেবিল একটু দাম দিয়ে হলেও দীর্ঘস্থায়ী হয় এমন কেনা ভালো। টেকসই ডাইনিং টেবিল হচ্ছে কাঠের তৈরি। যুগের পর যুগ এই ডাইনিং টেবিল ভালো থাকে, তেমন কোনো ক্ষতি হয় না। কিছুদিন পর রঙ করিয়ে নিলে আবার নতুনের মতো হয়ে যায়। একসময় কাঠের ডাইনিং টেবিলের জনপ্রিয়তা বেশি থাকলেও এখন বেশি দেখা যায় গ্লাস ডাইনিংয়ের চাহিদা। গ্লাস ডাইনিং পরিষ্কার করা অনেক সহজ। তাছাড়া তেল ঝোল পড়লেও দাগ বসে যায় না। ছোট ঘরে গ্লাস ডাইনিং রাখলে রুম খানিকটা বড় লাগে। অনেক সময় গরম পাতিল বা বাটি ডাইনিং টেবিলে রাখতে হয়। তখন গ্লাস ডাইনিং টেবিলে খুব একটা সমস্যা হয় না। আরেকটি জনপ্রিয় ডাইনিং উপাদান হচ্ছে মার্বেল পাথর। মার্বেল পাথরের ডাইনিংগুলো ব্যয়বহুল এবং এটি ভারী হবার কারণে স্থান পরিবর্তন করতে বেশ ঝামেলা পোহাতে হয়। এছাড়া কোয়ার্টজ, অনিক্স গ্রানাইট দিয়ে ডাইনিং বানানো হয়। এখন স্টিলের ডাইনিংও লক্ষ্য করা যায়। এসব উপাদানের ডাইনিং রেস্টুরেন্টে বেশি লক্ষ্য করা গেলেও এখন বাসাবাড়ির জন্যও অনেকে কিনে থাকেন।

দীর্ঘস্থায়ী ও টেকসই হবার কারণে স্টিলের ডাইনিং বেশ জনপ্রিয়। তাছাড়া ইউনিক ডিজাইনের হবার কারণে ঘরের চিত্র কিছুটা বদলে দেয় এসব ডাইনিং টেবিল। রুচিশীল ব্যক্তিরা নিজের ঘরের জন্য বেছে নিয়ে থাকেন বেতের ডাইনিং টেবিল। ডাইনিং টেবিলের টপ গ্লাসের হলেও পা এবং চেয়ার হয়ে থাকে বেতের। তবে সেক্ষেত্রে বাড়তি সতর্কতা প্রয়োজন কারণ বেতের জিনিসে পানি পড়লে তা নষ্ট হয়ে যাওয়া সম্ভাবনা থাকে। তবে যে উপাদানের ডাইনিং টেবিল কেনা হোক না কেন খেয়াল রাখতে হবে ডাইনিং টেবিলের সাথে চেয়ারগুলো যাতে আরামদায়ক হয়। যাতে করে বসে খাওয়া-দাওয়া করতে স্বস্তি পাওয়া যায়।

## ডাইনিং টেবিল সাজানো

ঘরের জন্য মানানসই ডাইনিং টেবিল তো কেনা হলো। এখন সেই টেবিল যদি পরিপাটি করে গুছিয়ে না রাখা হয় তাহলে তার সৌন্দর্য কমে যাবে। টেবিল সাজানোর একটি গুরুত্বপূর্ণ উপাদান হচ্ছে টেবিল রানার। এখন বাজারে বিভিন্ন ম্যাটেরিয়ালের টেবিল রানার পাওয়া যায়। যেমন তালের আঁশ, মাদুর, পাট ইত্যাদি। আপনার ডাইনিং টেবিল কাঁচের হলে সেখানে একটি বাঁশের রানার বিছিয়ে দিতে পারেন। মাটির ফুলদানিতে ডাইনিং টেবিলে কিছু ফুল রেখে দিতে পারেন, এতে ডাইনিং টেবিলের শোভা বেড়ে যাবে। এছাড়া ডাইনিং টেবিলের আরো প্রয়োজনীয় অনুষঙ্গ যেমন টেবিল ক্লথ, প্লেস ম্যাট, ন্যাপকিন, ফল রাখার জন্য ঝুড়ি রাখা যেতে পারে।

